

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৫৮.২৫.২৪৯

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: “তৈরী পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৩৩৯, তারিখ: ২৩/০৪/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, ইউবেস্ট (বাংলা) ফ্যাশন কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ ২২০/১, ওয়ার্ড নং-০৫, ব্লক-বি, খেজুর বাগান, বড় আশুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক(নীট ও ওভেন)” উপখাতের একটি বস্ত্র শিল্প ইউনিট। যা বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ/০০০১৩৩৬-২৫; তারিখ-০৩-০৩-২০২৫ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- HFBD(2024)0071A, তারিখ- 10-04-2025 খ্রিঃ, বিল অব লেডিং নং- BD2504011, তারিখ-15-04-2025 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ৬,০৫,৭২০.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ ২২০/১, ওয়ার্ড নং-০৫, ব্লক-বি, খেজুর বাগান, বড় আশুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানা- ২২০/১, ওয়ার্ড নং-০৫, ব্লক-বি, খেজুর বাগান, বড় আশুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানিকৃত মেশিনারীজের মূল্য বিনিয়োগ হিসাবে আগামী ০৩ মাসের মধ্যে নিবন্ধন সংশোধনে অর্ন্তভুক্ত করতে হবে। অন্যথায় নিবন্ধনটি বাতিল বলে গণ্য হবে।



২৪-০৪-২০২৫  
মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৫৮.২৫.২৪৯/১ (৪)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাপ্তান হাউজ, চট্টগ্রাম।
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ইউবেস্ট (বাংলা) ফ্যাশন কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ ২২০/১, ওয়ার্ড নং-০৫, ব্লক-বি, খেজুর বাগান, বড় আশুলিয়া, আশুলিয়া, সাতার, ঢাকা।
- ৪। ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।



২৪-০৪-২০২৫  
মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক